মুজিবনগরে মোটরসাইকেলের ধাক্কায় শ্রমিক নিহত

মুজিবনগর উপজেলার বল্লভপুরে রাস্তা পার হওয়ার সময় মোটরসাইকেলের ধাক্কায় ইন্নাল হক (৪৮) নামের এক শ্রমিক নিহত হয়েছেন।

সোমবার দুপুর দেড়টার দিকে বল্লভপুর গ্রামের কেদারগন্জ দর্শনা সড়কের বল্লভপুর সিনেমা হল নামক স্হানে এ দুর্ঘটনা ঘটে। নিহত ইন্নাল হক রামনগর গ্রামের নবিছদ্দিনের ছেলে। তিনি একটি বালুগাদায় শ্রমিকের কাজ করতেন।

স্থানীয়রা জানান,বল্লভপুর গ্রামের সনি এর বালুগাদায় কাজ শেষে রাস্তার ওপারে দাড়িয়ে মোবাইল ফোনে কথা বলছিলেন। কথা শেষ করে রাস্তা পার হওয়ার সময় ওরিয়ন ঔষধ কোম্পানির এমআর শাহরিয়ার এর মোটরসাইকেল তাকে ধাক্কা দেয়। এতে ঘটনাস্থলেই লুটিয়ে পড়েন ইন্নাল। তাকে উদ্ধার করে মুজিবনগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করা হলে কর্তব্যরত চিকিৎসক তাকে মেহেরপুর জেনারেল হাসপাতালে রেফার্ড করেন। মেহেরপুর জেনারেল হাসপাতালে নেওয়ার কিছুক্ষণের মধ্যে তার মৃত্যু হয়।

মেহেরপুর জেনারেল হাসপাতালের কর্তব্যরত চিকিৎসক নাজমুস সাকিব জানান, হাসপাতালে আসার আগেই তাঁর মৃত্যু হয়েছে। তিনি মাথায় আঘাত পেয়েছিলেন। অতিরিক্ত রক্তক্ষরণে মৃত্যু হয়েছে বলে তিনি প্রাথমিকভাবে ধারণা করছেন।

ঘটনার সত্যতা স্বীকার করে মুজিবনগর থানা অফিসার ইনচার্জ (ওসি) উজ্জ্বল দত্ত জানান, ঘটনা স্হলে পুলিশ পাঠানো হয়েছিল। তারা ঘটনাস্থল পরিদর্শন করেছে। মৃত ব্যক্তির পরিবারে পক্ষ থেকে লিখিত অভিযোগ পেলে তদন্ত করে ব্যবস্থা গ্রহণ করা হবে। দুর্ঘটনা ঘটানো মোটরসাইকেলটি বর্তমানে থানা হেফাজতে আছে।

জীবননগরে অটো মিলের পুরাতন বয়লার বিস্ফোরণ, শ্রমিক নিহত

চুয়াডাঙ্গার জীবননগরে মা-বাবা অটো রাইচ মিলের পুরাতন ও নিন্মমানের বয়লার বিস্ফোরণে ফয়সাল হোসেন নামে (২২) এক শ্রমিক নিহত হয়েছেন।

রোববার বেলা পৌনে ১২ টার সময় জীবননগর উপজেলার মনোহরপুর ইউনিয়নের পিয়ারাতলা নামক স্থানে মেসার্স মা-বাবা এগ্রো ফুডে এ ঘটনা ঘটেছে।

নিহত ফয়সাল হোসেন জীবননগর পৌর সভার ৫নং ওয়ার্ড লক্ষীপুর গ্রামের কামাল হোসেনের ছেলে এবং মা-বাবা এগ্রো ফুডের শ্রমিক।

প্রত্যক্ষদর্শী মো. রাকিব হাসান জানান, ফয়সাল হোসেন, রোববার বেলা পৌনে ১২ টার সময় মা-বাবা এগ্রো ফুডের পুরাতন একটি বয়লারে মেরামতের কাজ করছিলেন। হঠাৎ করেই বিকট শব্দে বয়লারটি বিস্ফোরিত হয়। বিস্ফোরিত বয়লারের আঘাতে ফয়সাল হোসেনের ঘটনাস্থলেই মৃত্যু হয়েছে।

জীবননগর থানা পুলিশের ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. আব্দুল খালেক জানান, জীবননগর উপজেলার পিয়ারাতলা গ্রামে বয়লার বিস্ফোরণে ফয়সাল নামের এক শ্রমিকের মৃত্যু হয়েছে। অভিযোগ না থাকায় পরিবারের সদস্যদের আবেদনের পেক্ষিতে সুরতহাল প্রতিবেদন শেষে মরদেহ পরিবারের নিকট হস্তান্তর করা হয়েছে।